ভোরের সংবাদ

JUN. 24 2002

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# চ.বিতে জামাত শিবির ঠেকাতে—

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ মৌলবাদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আগামী ২৭শে জুন গঠন করা হচ্ছে ছাত্রলীগের নতুন কমিটি। নগরীতে দ্বিবার্ষিক সম্মেলনের মাধ্যমে ৫১ সদস্যবিশিষ্ট এ নতুন কমিটি ঘোষণা করা হবে। ছাত্রলীগের এ কমিটি গঠনকে কেন্দ্র করে চলছে ছাত্রনেতাদের জোর লবিং-গ্রুপিং।

নতুন কমিটি গঠনকে কেন্দ্র করে চ.বিতে আবারও চাঙ্গা হয়ে উঠেছে ছাত্রলীগের নেতা-কর্মীরা। চারদলীয় জোট ক্ষমতায় আসার পর সবক'টি আবাসিক হলসহ চ.বি'র নিয়ন্ত্রণ জামাতের হাতে চলে যাওয়ায় ছাত্রলীগ কোণঠাসা হয়ে পড়ে। এমতাবস্থায় চ.বি'র ছাত্ররাজনীতিতে জোরালো ভূমিকা রাখতে সক্রিয় হয়ে ওঠে ছাত্রলীগের নতুন কমিটি গঠন।

আগামী ২৭শে জুন নগরীতে দ্বিবার্ষিক সম্মেলন হবে। ভোটাভুটির মাধ্যমে অথবা নেতৃস্থানীয়দের নিয়ে ৫১ সদস্যবিশিষ্ট এ কমিটি গঠন করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়।

এ নিয়ে ছাত্রলীগ নেতা-কর্মীদের মধ্যে শুরু হয়েছে জোর লবিং-গ্রুপিং। তৎপরতা নিচ্ছে আ.জ.ম নাছির ও মামুন গ্রুপ। সভাপতি পদে আ.জ.ম. নাছির গ্রুপের শহীদুল আলম বাহার, ইউসুফ, কাজী মাজহারুল ইসলাম ও সাধারণ সম্পাদক পদে আমীর সোহেলের নাম শোনা যাচ্ছে। অন্যদিকে মামুন গ্রুপের অধীনে সভাপতি পদে নাজিম উদ্দিন শিমুল, মাহবুব এলাহী এবং সাধারণ সম্পাদক পদে এহসানুল হক কনক ও দিদারুল আলমের যে কেউ প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। ছাত্রলীগের এ নতুন কমিটি গঠনের সার্বিক দায়িত্বে আছেন আওয়ামী লীগের সাবেক যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের।